# মুন্সিগঞ্জে রাতের আঁধারে কৃষক লীগ নেতার ছেলেকে গুলি করে হত্যা



সংগৃহীত ছবি

মুন্সিগঞ্জের মোল্লাকান্দি ইউনিয়নের চরাঞ্চলে আধিপত্যের দ্বন্দ্বে তুহিন দেওয়ান (২২) নামে এক যুবককে প্রকাশ্যে গুলি করে হত্যা করেছে প্রতিপক্ষের অস্ত্রধারীরা। রোববার (২ নভেম্বর) রাত সাড়ে ৯টার দিকে দক্ষিণ বেহেরকান্দি এলাকায় এ ঘটনা ঘটে। নিহত তুহিন ইউনিয়ন কৃষক লীগের সভাপতি সেলিম দেওয়ানের ছেলে।

স্থানীয়রা জানান, রাতের দিকে হাঁটতে বের হলে মুন্সিকান্দি স্কুলের সামনে প্রতিপক্ষের কয়েকজন সশস্ত্র ব্যক্তি তুহিনের ওপর অতর্কিত গুলি চালায়। একের পর এক ককটেল বিস্ফোরণে পুরো এলাকা কেঁপে ওঠে। আতঙ্কে কেউ এগিয়ে আসতে পারেনি। গুলি ও বিস্ফোরণের পর হামলাকারীরা তার মৃত্যু নিশ্চিত করে স্থান ত্যাগ করে।

তুহিনের মা লাকি আক্তার জানান, রাজনৈতিক শত্রুতার কারণে গত কয়েক মাস ধরে তার ছেলেকে হত্যার হুমকি দেওয়া হচ্ছিল। নিরাপত্তার জন্য কিছুদিন লুকিয়ে থাকলেও এক রাজনৈতিক নেতার আশ্রয়ে পুনরায় এলাকায় ফিরে আসেন তুহিন, যা প্রতিপক্ষকে আরও ক্ষিপ্ত করে তোলে।

হাসপাতালের জরুরি বিভাগের চিকিৎসক প্রান্ত সরকার বলেন, “তুহিনকে গুলিবিদ্ধ অবস্থায় হাসপাতালে আনা হয়। তার ঘাড় ও পিঠে একাধিক গুলির চিহ্ন ছিল। পৌঁছানোর আগেই তার মৃত্যু হয়।”

পুলিশ জানায়, নিহত তুহিনের বিরুদ্ধে ডাকাতিসহ তিনটি মামলা রয়েছে। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, পূর্ব শত্রুতা থেকেই এ হত্যাকাণ্ড ঘটেছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে এলাকায় অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে এবং ঘটনার তদন্ত চলছে।